



দরকষাকষি নয়, জনগণের শক্তিতেই গণতন্ত্র প্রতিষ্ঠা করবে বিএনপি: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দলটি কোনো ধরনের দরকষাকষি বা সংখ্যানুপাতিক পদ্ধতিতে (পিআর) বিশ্বাস করে না। বিএনপি জনগণের ভালোবাসা, ঐক্য ও মতামতের ভিত্তিতেই গণতান্ত্রিক বাংলাদেশ গড়তে চায়।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, “বিএনপি কোনো দরকষাকষি বা পিআর পদ্ধতির রাজনীতিতে বিশ্বাস করে না। আমরা জনগণের শক্তিতে আস্থা রাখি, কারণ জনগণই আমাদের সবচেয়ে বড় ভরসা।”

সোমবার (২০ অক্টোবর) বিকেলে গুলশানে চেয়ারপারসনের কার্যালয়ে এক যোগদান অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এদিন প্রায় অর্ধশত হিন্দু সম্প্রদায়ের মানুষ বিএনপিতে যোগ দেন। তিনি বলেন, “আমরা হিংসা-প্রতিহিংসার রাজনীতি থেকে দূরে থাকতে চাই। রংধনুর সাত রঙের মতো সব ধর্ম ও সম্প্রদায়ের মানুষকে সঙ্গে নিয়ে অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তুলতে চাই।”

ফখরুল আরও বলেন, “গত ১৫ বছরে ফ্যাসিবাদী শাসনব্যবস্থা দেশের অর্থনীতি, বিচারব্যবস্থা ও রাজনীতিকে ভেঙে দিয়েছে। আমরা সেই অবস্থা থেকে বেরিয়ে এসে সবার মতামতের ভিত্তিতে রাষ্ট্র পরিচালনা করতে চাই।”

নতুন যোগদানকারীদের উদ্দেশ্যে তিনি বলেন, “বিএনপি হলো জনগণের দল। এই দলের লক্ষ্য শুধু ক্ষমতা নয়, জনগণের অধিকার পুনরুদ্ধার।”

তিনি জানান, নবযোগদানকারী নেতাকর্মীদের নিয়ে আগামী দুই সপ্তাহের মধ্যে একটি বৃহৎ সমাবেশ আয়োজন করবে দলটি।